অতিরিক্ত সচিব হলেন দারিয়াপুরের আব্দুর রশিদ

সরকারের যুগ্ম সচিব থেকে পদোন্নতি পেয়ে অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি পেলেন আব্দুর রশিদ। তিনি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ক্লাবপাড়ার বাবুবাড়ীর মৃত শববত আলী ও রোকেয়া বেগমের ছোট ছেলে।

বর্তমানে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অতিরিক্ত সচিব পদে কর্মরত আছেন।

আব্দুর রশিদ দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে ১৯৮৪ সালে এসএসসি, মেহেরপুর সরকারি কলেজ থেকে ১৯৮৬ সালে এইচএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেন।

তিনি ২০তম বিসিএস পরীক্ষায় প্রশাসন ক্যাডারে উত্তীর্ণ হয়ে তিনি ২০০১ সালে সরকারি চাকরিতে যোগদান করেন। তাঁর কর্মজীবন শুরু হয় ফরিদপুর জেলায় সহকারী কমিশনার হিসেবে। এরপর তিনি চারভদ্রাসন, দেবহাটা উপজেলার নির্বাহী কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক ফরিদপুর, প্রধান নির্বাহী কর্মকর্তা ফরিদপুর জেলা পরিষদ, অতিরিক্ত বিভাগীয় কমিশনার খুলনা পদে দায়িত্ব পালন করেছেন।

দামুড়হুদায় রপ্তানীযোগ্য আম উৎপাদন বিষয়ক সেমিনারে অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বিষমুক্ত রপ্তানীযোগ্য নিরাপদ আম উৎপাদনের লক্ষে আম ব্যবসায়ীদের সাথে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে চুয়াডাঙ্গা, মেহেরপুর, সাতক্ষীরাসহ বেশ কয়েকটি জেলার আম

ব্যবসায়ীসহ কৃষি কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

শনিবার বেলা ১১ টার দিকে উপজেলার ইব্রাহিমপুরস্থ মেহেরুন্নেসা পার্কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি ঢাকার আয়োজনে দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস।

প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) রবীন্দ্রশ্রী বড়ুয়া তিনি বলেন, আমাদের দেশের আমের কোয়ালিটি ভাল। তিনি আম ব্যবসায়ীদের প্রতি আহবান জানিয়ে বলেন, আপনারা আরও একটু যত্নবান হয়ে রফতানিযোগ্য নিরাপদ আম উৎপাদন করবেন। দেখবেন বাংলাদেশের আম অচিরেই বিশ্ব বাজার দখল করে নিয়েছে।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো: মনিরুজ্জামানের সঞ্চালনায় সেমিনারে প্রধান বক্তা ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ড. হামিদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক (সরেজমিন উইং) তাজুল ইসলাম পাটোয়ারী। শুভেচ্ছা বক্তব্য রাখেন রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের প্রকল্প পরিচালক মোহাম্মদ আরিফুর রহমান।

বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা বাবুল কুমার সরকার, যশোর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক আবু হোসেন, গাজীপুর আম উৎপাদন প্রকল্পের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: শরফ উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (শষ্য) তালহা জুবায়ের মাশরুর, দর্শনা উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রের অতিরিক্ত উপপরিচালক রফিকুল ইসলাম, যশোর টেকসই কৃষি উন্নয়ন প্রকল্পের মনিটরিং অফিসার মাসুম আব্দুল্লাহ, মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার আলমগীর হোসেন, দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস।

আম চাষিদের মধ্যে বক্তব্য রাখেন আম উৎপাদনকারী কৃষক মোহাম্মদ সফি মল্লিক, দামুড়হুদা উপজেলা আম ব্যবসায়ী সমিতির সভাপতি হাজি মোহা: ফারুক সিদ্দিকী ও সাধারণ সম্পাদক আসলাম উদ্দিন।

সার্বিক সহযোগিতায় ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের উপসহকারী

কৃষি কর্মকর্তা জালাল উদ্দীন, সোহরাব হোসেন, মামুন অর রশিদ, সাইফুল ইসলাম, মেহেদী হাসান, সাইদুর রহমান, লিপ্টন বাদশা, নাজনিন সুলতানা, আজহারুল ইসলাম, বজলুর রহমান প্রমূখ।